গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

## লাকসাম, কুমিল্লা।

# সিটিজেন চার্টার

নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আনয়নে মহিলা বিষয়ক অধিদপ্তর রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (SDG) এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে নারী উন্নয়নে বিভিন্ন রাজস্ব ও উন্নয়ন কার্যক্রম ও কর্মসূচী গ্রহণ এবং বাস্তবায়ন করছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় কর্তৃক প্রদেয় বিভিন্ন সেবা ও কর্মসূচীরসমূহের বিবরণঃ

| ক্র:নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | সেবার মূল্য ও শোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী ফোন নং, ই-মেইল) |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| ০১ | ভিডব্লিউবি (ভালনারেবল উইমেন বেনিফিট) | ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় প্রতি ০২ বছর বা ২৪ মাস মেয়াদী ভিডব্লিউবি চক্রে দেশের সকল উপজেলায় নির্বাচিত অতি দরিদ্র মহিলাদেরকে খাদ্য সহায়তার পাশাপাশি নির্বাচিত এনজিও'র মাধ্যমে জীবনদক্ষতা উন্নয়নমুলক এবং টেকসই আয়বর্ধক কর্মকান্ডের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়। ইউনিয়ন ভিডব্লিউবি বাছাই কমিটি ও উপজেলা ভিডব্লিউবি কমিটির মাধ্যমে দেশের দরিদ্র চিহ্নিতকরণ ম্যাপ (VAM) অনুযায়ী অতি দরিদ্র মহিলাদের ভিডব্লিউবি কর্মসূচিতে অন্তর্ভূক্ত করা হয়। উপজেলা পর্যায়ে ভিডব্লিউবি কর্মসূচির সার্বিক বাস্তবায়ন ও ব্যবস্থাপনা উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার মাধ্যমে পরিচালিত হয়। ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/নির্বাচন নীতিমালা ও অন্যান্য প্রক্রিয়া অনুসরণে প্রত্যেক উপজেলায় উপকারভোগী ভিডব্লিউবি মহিলা বাছাই/নির্বাচন করা হয়। | উপকারভোগী মহিলা বাছাই/ নির্বাচনের প্রাথমিক তালিকার 'ছক' অনলাইনে পূরণ করতে হয় এবং তালিকা চুড়ান্ত হওয়ার পরে ভিডব্লিউবি কার্ডটি বিনামূল্যে প্রদান করা হয়। | ২৪ মাস | তানজুমা পারভীন লুনা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফোন নং-০২-৩৩৪৪ ০৬৯৫৯ ই-মেইল : uwao.homna@gmail.com |
| ০২ | মা ও শিশু সহায়তা কর্মসূচী | মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ০১ জন দরিদ্র ও অসহায় পরিবারের ২০ থেকে ৩৫ বছর বয়সের মা তার ১ম বা ২য় সন্তানের জন্য ০৩ বছর (৩৬ মাস) পর্যন্ত মাসিক ৮০০ টাকা অর্থ সহায়তা পাবেন। নীতিমালানুযায়ী ০৪-০৬ মাস সময়ের গর্ভবতী মহিলারা কর্মসূচীক অন্তর্ভুক্তির জন্য স্বপ্রনোদিত হয়ে তাদের জাতীয় পরিচয়পত্র,পাসপোর্ট সাইজের ছবি, এএনসিকার্ড এবং পছন্দের ব্যাংক একাউন্টের তথ্যসহ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে প্রতি মাসে আবেদনের প্রেক্ষিতে উপজেলা কমিটি চূড়ান্ত যাচাই বাছাই করে ভাতাভোগী নির্বাচন করবে। | আবেদন ফী বাবদ ৪০ টাকা প্রদান করতে হবে। | ৩৬ মাস | ঐ |
| ০৩ | মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | বর্তমান নীতিমালা অনুযায়ী ১৮-৫৫ বছর বয়সি বেকার প্রশিক্ষণপ্রাপ্ত ও পেশাজীবি (পরিবারকেন্দ্রিক) নারী ৫% সার্ভিস চার্জের বিনিময়ে একক ভাবে ২৫,০০০/- টাকা হতে ৭৫,০০০/- টাকা এবং দলীয় ভাবে ১,০০,০০০/- টাকা হতে ২,০০,০০০/- টাকা পর্যন্ত ক্ষুদ্র ঋণ গ্রহণ করতে পারবেন। | ১. আবেদন ফরম বিনামূল্যে বিতরণ করা হয়।<br>২. তিন কপি ছবি=১০০ টাকা<br>৩.স্ট্যাম্প=৩০০ টাকা<br>মোট ৪০০ টাকা<br><br>উপকারভোগী কর্তৃক পরিশোধিত। | প্রতি অর্থ বছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জেলা/উপজেলায় সুবিধাজনক সময়ের মধ্যে সর্বোচ্চ ০১ থেকে ০৩ মাসের মধ্যে (বন্যা, প্রাকৃতিক দূর্যোগের কারণে ঋণ বিতরণ বিলম্ব হতে পারে)। | ঐ |
| ০৪ | স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও অনুদান বিতরণ। | ১। সক্রিয় স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের উন্নয়নমুলক কার্যক্রমকে আরো বিস্তৃত এবং দরিদ্র নারীদের স্বাবলম্বী করার লক্ষ্যে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা নিবন্ধন প্রদান করেন।<br>২। নিবন্ধিত সমিতিসমূহের কার্যক্রমের ভিত্তিতে নীতিমালানুযায়ী প্রতি অর্থ বছরে স্বেচ্ছাধীন অনুদান, ১০,০০০/- হতে ২৫,০০০/- পর্যন্ত সাধারণ অনুদান ও ৫০,০০০/- টাকা পর্যন্ত বিশেষ অনুদান প্রদান করা হয়। | অনলাইনের আবেদনের ভিত্তিতে নিবন্ধনের সময় ৫,০০০/- এবং প্রতি অর্থ বছরে ২,০০০/- করে নবায়ন ফি। | আবেদন প্রাপ্তি সাপেক্ষে জেলা/উপজেলায় সুবিধাজনক সময়ের মধ্যে সর্বোচ্চ ০১ -০৩ মাসের মধ্যে (বন্যা, প্রাকৃতিক দূর্যোগের কারণে ঋণ বিতরণ বিলম্ব হতে পারে)। | ঐ |
| ০৫ | দরিদ্র ও দুঃস্থ মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য সেলাই মেশিন বিতরণ | প্রশাসনিক মন্ত্রণালয়ের জিও প্রাপ্তির পর প্রধান কার্যালয় ও জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে বিতরণ করা হয়। | জিও-র নির্ধারিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহের পর সেলাই মেশিন বিতরণ করা হয়। | জিও জারীর তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) মাস পর্যন্ত। | তানজুমা পারভীন লুনা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফোন নং-০২-৩৩৪৪ ০৬৯৫৯ ই-মেইল : uwao.homna@gmail.com |
| ০৬ | দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল | ১.জেলা মনোনয়ন কমিটির মাধ্যমে আবেদন পত্র যাচাই বাছাই করে সুপারিশসহ বোর্ড অব ট্রাষ্টির উপকমিটির নিকট প্রেরণ করেন।<br>২.উপ কমিটি সুপারিশ বিবেচনা এবং অর্থের পরিমান নির্ধারণ করে বোর্ড অব ট্রাষ্টির নিকট প্রেরণ করেন।<br>৩.বোর্ড অব ট্রাষ্টি চূড়ান্ত অনুমোদন প্রদান করেন | ১.জরুরি ক্ষেত্রে সভাপতি ১৫,০০০/- (পনের হাজার) টাকা তবে বছরে সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা, সহ-সভাপতি ৮,০০০/- (আট হাজার) টাকা তবে বছরে সর্বোচ্চ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং সদস্য সচিব ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা তবে বছরে সর্বোচ্চ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত এককালীন সাহায্য প্রদান করতে পারবেন।<br>২. উপকমিটি ০১ জন আবেদনকারীর জন্য সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এককালীন সাহায্যে সুপারিশ করতে পারবে। | আবেদন আহ্বান, আবেদন পত্র যাচাই বাছাই, বোর্ড অব ট্রাস্টির অনুমোদন সংক্রান্ত যাবতীয় কাজ অর্থ বছরের শুরু থেকে ৩১ মার্চ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | ঐ |
| ০৭ | তথ্য অধিকার আইন ২০০৯ | সেবা গ্রহণকারীর সরাসরি আবেদন (ফ্যাক্স, ই-মেইল) এবং বার্ষিক প্রতিবেদন প্রকাশ। | ১.লিখিত কোন ডকুমেন্টস সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্ট এর ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ০২ টাকা হারে এবং তদূর্ধ্ব সাইজের ক্ষেত্রে প্রকৃত মূল্য।<br>২.ডিস্ক,সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে-আবেদন কারী কর্তৃক ডিস্ক,সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্যে এবং তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক,সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে প্রকৃত মূল্য<br>৩.কোন আইন বা সরকারী বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে-বিনামূল্যে<br>৪.মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে-প্রকাশনার নির্ধারিত মূল্য। | আবেদন প্রাপ্তির তারিখ হইতে অনধিক ২০(বিশ) কার্যদিবস। তথ্য প্রদানের সাথে অন্য শাখার সংশ্লিষ্টতা থাকলে ৩০ (ত্রিশ) কার্যদিবস। | তানজুমা পারভীন লুনা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফোন নং-০২-৩৩৪৪ ০৬৯৫৯ ই-মেইল : uwao.homna@gmail.com |
| ০৮ | বিভিন্ন দিবস উদযাপন | মানববন্ধন, র‍্যালী, আলোচনা সভা, দিবসের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিযোগীতা আয়োজনের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি। | বিনামূল্যে | জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের নির্ধারিত তারিখ। | ঐ |
| ০৯ | কিশোর-কিশোরী ক্লাব স্থাপন শীর্ষক প্রকল্প | ক্লাবের মাধ্যমে বিভিন্ন সৃজনশীল ও সাংস্কৃতিক কার্যক্রমের মধ্য দিয়ে কিশোর-কিশোরীদের সম্পর্ককে সুদৃঢ় করার মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনয়ন করা। | ঐ | প্রকল্প কর্তৃক জারীকৃত পত্রের চাহিত সময় অনুযায়ী। | ঐ |
| ১০ | উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্প। | অনলাইনে আবেদনের ভিত্তিতে ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ০২টি ট্রেডে স্থানীয়ভাবে বিভিন্ন সরকারি নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশ করে উপজেলা কমিটি কর্তৃক যাচাই বাছাই করার মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়। | বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান এবং প্রকল্প কর্তৃক নির্ধারিত হারে দৈনিক ভিত্তিতে যাতায়াত ভাতা প্রদান করা হয়। | ০৩ মাস মেয়াদী প্রশিক্ষণ | ঐ |
| ১১ | দরিদ্র ও অসহায় নারীদের আইনী পরামর্শ/ সহায়তা প্রদান | ১. নারী নির্যাতন প্রতিরোধে আইনগত পরামর্শ প্রদান।<br>২. নির্যাতিত ও অসহায় নারীদের অভিযোগ গ্রহণ ও বিনামূল্যে আইনী সহায়তা প্রদান।<br>৩. বাদী ও বিবাদী পক্ষের মধ্যে সালিশ/ কাউন্সিলিং এর মাধ্যমে পারিবারিক সকল বিরোধ মিমাংসা করা।<br>৪. পারিবারিক নির্যাতনের শিকার নারীদের ভরণ-পোষণ আদায়ের ব্যবস্থা করা।<br>৫. নির্যাতিত ও তালাক প্রাপ্ত নারিদের দেনমোহর আদায়ের ব্যবস্থা করা।<br>৬. যৌতুক প্রথাকে নিরুৎসাহিত করা।<br>৭. বাল্য-বিবাহ নিরোধের পক্ষে কাজ করা। | বিনামূল্যে | লিখিত অভিযোগ গ্রহণের পর বিবাদী পক্ষকে হাজির করার জন্য ০৩ টি নোটিশ প্রেরণ করা হয়। প্রতি নোটিশ জারির জন্য সময়সীমা কমপক্ষে ১৫ কার্যদিবস। | ঐ |